

18 অগাস্ট, 2020

প্রিয় REC কমিউনিটি:

আমাদের শিক্ষার্থী এবং স্টাফগণের স্বাস্থ্য ও সুরক্ষায় আপনার সহযোগিতামূলক অঙ্গীকারের জন্য ধন্যবাদ। COVID-19 যখন অব্যাহতভাবে নিউ ইয়র্ক সিটি ও আমাদের স্কুল কমিউনিটিকে দ্রুত পরিবর্তন করছে, আমরা এই সুযোগে এই সম্পর্কিত কিছু সর্বশেষ তথ্য প্রদান করতে চাই:

যুক্তরাষ্ট্রের কিছু রাজ্যে (স্টেট) COVID-19 সংক্রমণ দ্রুত বৃদ্ধি পাওয়ায় এবং নিউ ইয়র্কের সফলভাবে COVID-19 দমন বজায় রাখতে, এই স্টেট নিউ জার্সি এবং কানেকটিকাটের সাথে একযোগে একটি ভ্রমণ বিষয়ক উপদেশক (অ্যাডভাইজরি) জারী করেছে – সেসব ব্যক্তির জন্য যারা অন্য যে স্টেটগুলোতে একটি সুনির্দিষ্ট মাত্রায় কমিউনিটিব্যাপী COVID-19 সংক্রমণ রয়েছে, সেই স্টেটগুলো থেকে ফিরে আসছে, তাদের জন্য।<sup>1</sup> এই ভ্রমণ বিষয়ক উপদেশক বৃহস্পতিবার, 25 জুন, 2020 থেকে কার্যকর হয়েছে। যদি আপনি চিহ্নিত স্টেটগুলোর<sup>2</sup> একটি থেকে ভ্রমণ করছেন, তাহলে আপনি যখন নিউ ইয়র্কে প্রবেশ করছেন তখন ঐ স্টেট থেকে ভ্রমণের আগে শেষ দিন থেকে আপনাকে অবশ্যই 14 দিন কোয়ারেন্টাইন বা স্বেচ্ছায় আলাদা থাকতে হবে, যদি যেদিন আপনি ঐ স্টেট থেকে নিউ ইয়র্ক স্টেটে প্রবেশ করছেন সেদিন ঐ স্টেট কোয়ারেন্টাইন করার জন্য আবশ্যিক শর্তাবলী পূরণ করে। ছেলেমেয়ে, স্টাফ, এবং পিতামাতা/সেবাপ্রদানকারীরা যাদের কোয়ারেন্টাইন আবশ্যিক, তাদের কোয়ারেন্টাইন সময়কালে তাদেরকে REC সাইটে উপস্থিত হতে বা প্রবেশ করতে দেয়া হবে না।

- যেসব ব্যক্তি ভ্রমণকালীন সময় স্বল্প সময়ের জন্য (যেমন, 24 ঘন্টার চেয়ে কম) চিহ্নিত স্টেটের ভিতর দিয়ে গমন করছে, তাদের জন্য এই ভ্রমণ বিষয়ক উপদেশক প্রযোজ্য নয়।
- এই ধরনের সংক্ষিপ্ত গমনের মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু এতেই সীমাবদ্ধ নয়: গাড়ি, বাস, এবং/অথবা ট্রেনের জন্য বিশ্রামস্থল বা রেস্ট স্টপ; অথবা বিমান, বাস, বা ট্রেনে ভ্রমণের বিরতি বা বদলিস্থল।
- এই ভ্রমণ বিষয়ক উপদেশক সকল নিউ ইয়র্কবাসীদের পাশাপাশি অন্য স্টেট থেকে বেড়াতে আসছে যারা তাদের, গণস্বাস্থ্য ও নিরাপত্তার সর্বোচ্চ স্বার্থে এই উপদেশক মেনে চলার জন্য ব্যক্তিগত দায়িত্ব আবশ্যিক করে।

এই ভ্রমণ বিষয়ক উপদেশক সম্পর্কে প্রশ্নের জন্য অনুগ্রহ করে পথনির্দেশনা দেখুন এখানে।<sup>3</sup> CDC-এর পথনির্দেশনা অনুযায়ী, যারা আন্তর্জাতিক ভ্রমণ করেছে তাদেরকেও 14 দিন কোয়ারেন্টাইন বা স্বেচ্ছায় আলাদা থাকতে হবে।<sup>4</sup>

এছাড়াও আমরা আপনাকে REC সাইটগুলোতে থাকাকালীন সময় নাক-মুখ ঢেকে রাখার গুরুত্ব আপনাকে মনে করিয়ে দিতে চাই। পথনির্দেশনার জন্য অনুগ্রহ করে এই লিংকটি দেখুন।<sup>5</sup> অতিরিক্তভাবে, মেয়রের থ্রাইভএনওয়াইসি (ThriveNYC)-এর অফিস উল্লিখিত নতুন গাইডটি প্রকাশ করেছে: শিশু, কিশোর এবং যুবকদের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সংস্থানের COVID-19 পথনির্দেশনা (গাইড টু মেন্টাল হেলথ রিসোর্সেস ফর চিল্ড্রেন, টিনস্ অ্যান্ড ইয়ং অ্যাডাল্টস)।<sup>6</sup> এই গাইডটি মানসিক স্বাস্থ্যের রিসোর্স ও সহায়তার নির্দেশনা প্রদান করে, যা কিশোর-কিশোরী, যুবক-যুবতী, প্রাপ্ত বয়স্ক, এবং পিতামাতা/সেবাপ্রদানকারীরা ব্যবহার করতে পারেন।

স্মরণ করিয়ে দিচ্ছি, REC-গুলোতে আমরা নিম্নলিখিত সাবধানতাসমূহ অব্যাহতভাবে অনুসরণ করছি:

- নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ হেলথ-এর পথনির্দেশনা অনুযায়ী প্রতিটি REC জীবানুমুক্ত করছি।
- CDC পথনির্দেশনা অনুযায়ী, সকল ব্যক্তি অন্তত ছয় ফিট পারস্পরিক দূরত্ব বজায় রাখছি (শিক্ষার্থী ও স্টাফ সদস্যগণ)।
- সেন্টারে আসার পূর্বে, পিতামাতাদের প্রতিদিন সকালে তাদের সন্তানদের পর্যবেক্ষণ করে নিশ্চিত করতে বলা হচ্ছে যে তাদের জ্বর, কাশি, শ্বাস কষ্ট, বা গলা ব্যথা আছে কিনা।
- যারা REC-তে উপস্থিত হচ্ছেন বা কাজ করছেন তাদের সকলের COVID-19 উপসর্গগুলো যাচাই করা হয়, এতে রয়েছে তাপমাত্রা যাচাই, এবং শুধুমাত্র যাদের উপসর্গ নেই শুধু তাদের প্রবেশ করতে সুযোগ দেয়া হবে।
- যেসব স্টাফ বা শিক্ষার্থী অসুস্থ তাদের অবশ্যই বাড়িতে থাকতে হবে এবং সেন্টারে উপস্থিত হতে পারবে না।

উপসর্গসমূহ, আপনার স্বাস্থ্য পর্যবেক্ষণ, এবং অসুস্থ হলে কী করতে হবে, এই বিষয়গুলো সম্পর্কে আরো তথ্যের জন্য [nyc.gov/coronavirus](https://nyc.gov/coronavirus) ভিজিট করুন এবং "Novel Coronavirus Outbreak Factsheet (নভেল কোরোনাভাইরাস আউটব্রেক ফ্যাক্টশিট)" দেখুন।

আমাদের কমিউনিটির স্বাস্থ্য ও সুরক্ষা চেয়ে গুরুত্বপূর্ণ কিছু নেই, এবং আপনার সহযোগিতার জন্য আমরা ধন্যবাদ জানাচ্ছি।

বিনীত,

NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন

<sup>1</sup> NYS COVID-19 ভ্রমণ বিষয়ক উপদেশক বা অ্যাডভাইজরি লিংক: <https://coronavirus.health.ny.gov/covid-19-travel-advisory>

<sup>2</sup> NYS দ্বারা সীমাবদ্ধ স্টেটগুলোর লিংক: <https://coronavirus.health.ny.gov/covid-19-travel-advisory>

<sup>3</sup> অন্য স্টেট থেকে ভ্রমণ করে নিউ ইয়র্ক স্টেটে আসা ভ্রমণকারীদের জন্য কোয়ারেন্টাইনের বিধিনিষেধ সম্পর্কিত NYS অন্তর্বর্তী পথনির্দেশনার লিংক:

[https://coronavirus.health.ny.gov/system/files/documents/2020/06/interinguidance\\_traveladvisory.pdf](https://coronavirus.health.ny.gov/system/files/documents/2020/06/interinguidance_traveladvisory.pdf)

<sup>4</sup> আপনি ভ্রমণের পর CDC-এর লিংক: <https://www.cdc.gov/coronavirus/2019-ncov/travelers/after-travel-precautions.html>

<sup>5</sup> NYC COVID-19 নাক-মুখ ঢেকে রাখা সংক্রান্ত লিংক – FAQ: <https://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/imm/covid-19-face-covering-faq.pdf>

<sup>6</sup> শিশু, কিশোর এবং যুবকদের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সংস্থানের NYC COVID-19 পথনির্দেশনা (গাইড টু মেন্টাল হেলথ রিসোর্সেস ফর চিল্ড্রেন, টিনস্ অ্যান্ড ইয়ং অ্যাডাল্টস)-এর লিংক:

<https://thrivenyc.cityofnewyork.us/wp-content/uploads/2020/06/062920-YouthServicesGuide-Mobile-1-1.pdf>